226

ভোরের কাগজ

তারিখ ... JUL. 24 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ

মাননীয় শিক্ষামন্ত্রী সংসদে ঘোষণা করেছেন যে, সরকার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারি অংশ ১০০ ভাগ দেওয়ারই সিদ্ধান্ত নিয়েছে। এ সিদ্ধান্তের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ, অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

দেশের সিংহভাগ শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে বেসরকারি। কাজেই শিক্ষার মাধ্যমে জাতির উন্নতি সাধন করতে হলে অবশ্যই বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের আর্থিক সুযোগ-সুবিধার বিষয়টি সরকারকে বিবেচনা করতে হবে। বিলম্বে হলেও এ ঘোষণায় শুধু শিক্ষক সমাজের কাছ থেকে নয় সমগ্র জাতির কাছ থেকে সরকার প্রশংসা পাওয়ার যোগ্য। কারণ এটিও বর্তমান সরকারের একটি ওয়াদা পূরণ।

বর্তমান প্রধানমন্ত্রী বিরোধী দলে থাকাকালীন আশ্বাস দিয়েছিলেন তার দল ভবিষ্যতে সরকার গঠন করতে পারলে বেতনের জন্য শিক্ষকদের আন্দোলন করতে হবে না এবং সরকার গঠন করার প্রথম দিকে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারি অংশ ১০০ ভাগ দেওয়ার ব্যাপারে হিসাব-নিকাশ করে দেখার জন্য শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছিলেন। সব মিলে প্রধানমন্ত্রীর সদিচ্ছা, আন্তরিকতা ও গণতান্ত্রিক মনোভাবের কারণেই সম্ভব হয়েছে এতোবড়ো ওয়াদা পূরণের বাস্তব পদক্ষেপ গ্রহণ করা।

ঘোষিত সিদ্ধান্ত সত্বর বাস্তবায়ন করে কৃতিত্ব অর্জন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীর কাছে বিনীত আবেদন জানাচ্ছি।

মোঃ আব্দুল লতিফ
অধ্যক্ষ
ডা. জহুরুল কামাল কলেজ
দুলাই, পাবনা।